‘শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি’

# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব : sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২১ এপ্রিল ২০২২ খ্রি.।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভাপতি : জনাব নিগার সুলতানা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-‘ক’)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান করোনা ভাইরাস টিকা ১ম ডোজ ২,২৬,৪৯৭ জন, ২য় ডোজ ২,১৩,৫৩৮ জন এবং ৩য় ডোজ ৩৭,৪২৫ জন লোককে দেয়া হয়েছে। তাছাড়া তিনি আরও জানান করোনা ভাইরাস টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং গণটিকার সনদ দেয়ার বিষয়ে সরকার থেকে কোন নির্দেশনা পাওয়া যায়নি নির্দেশনা পাওয়া গেলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে। | আলোচনান্তে এখন পর্যন্ত যারা টিকা গ্রহণ করেননি তাদেরকে দ্রুত টিকা গ্রহণ করতে উৎসাহিত করা এবং সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর ৪র্থ কিস্তির বরাদ্দ পাওয়া গেছে এবং চলমান কাজ দ্রুত বাস্তবায়ন করা হবে। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় উপজেলার বিভিন্ন হাট বাজার, নৌকা ঘাট, জনগুরুত্বপূর্ণ স্থান ও প্রতিষ্ঠানে স্ট্রিট লাইট স্থাপন/সরবরাহ INF-2020-21-609089-02 প্রকল্পটি ঠিকাদার কর্তৃক বাস্তবায়নপূর্বক বিল দাখিল করা হয়েছে। বিলটি উপজেলা প্রকৌশল অফিস কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে। বিলের পরিমাণ ভ্যাট ও আয়করসহ ২০,৫৪,৭০০/-(বিশ লক্ষ চুয়ান্ন হাজার সাতশত) টাকা, ভ্যাটের পরিমান ১,৫৪,১০৩/-(এক লক্ষ চুয়ান্ন হাজার একশত তিন) টাকা এবং আয়করের পরিমাণ ৬১,৬৪১/-(একষট্টি হাজার ছয়শত একচল্লিশ) টাকা কর্তনপূর্বক নীট বিল ঠিকাদারের অনুকূলে ১৮,৩৮,৯৫৬/-(আটারো লক্ষ আটত্রিশ হাজার নয়শত ছাপ্পান্ন) টাকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য | আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর চলমান কাজ দ্রুত বাস্তবায়ন করা এবং উন্নয়ন প্রকল্প (UGDP) এর INF-2020-21-609089-02 নং বিলটি সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। উক্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | তিনি সভাকে অনুরোধ জানান। | | |
| ৩. | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান নতুন অর্থ বছরের আওতায় ১৯৭টি গভীর নলকূপ এর মধ্যে ১৭১টি নলকূপ স্থাপন সমাপ্ত হয়েছে এবং ৯৩টি নলকূপের পাটাতন পাকাকরণের কাজ সম্পন্ন হয়েছে। | আলোচনান্তে অবশিষ্ট গভীর নলকূপ স্থাপন ও পাটাতন পাকাকরণ কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ জেলার প্রধান ফসল বোরো ধান কর্তন চলছে। এখন পর্যন্ত ২৮ ধান ৯০% কর্তন এবং অন্যান্য ধান প্রায় ৫০% কর্তন হয়েছে। সুনামগঞ্জ সদর উপজেলার বিভিন্ন হাওরে ৪৪টি হারভেস্টার মেশিন দিয়ে ধান কর্তন করা হচ্ছে। সুনামগঞ্জ সদর উপজেলার কালনার হাওরে পাহাড়ী ঢলের পানি প্রবেশ করে প্রায় ১২০ একর জমি তলিয়ে গেছে। তাই দ্রুত ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা প্রস্তুত করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, রঙ্গাঁরচর ইউ/পি সভায় কালনার হাওরে পানি উন্নয়ন বোর্ডের কমিটি পরিবর্তন করা এবং রঙ্গাঁরচর ইউ/পিতে এলজিইডি কর্তৃক পরিচালিত রাবার ড্যাম কমিটিতেও পরিবর্তন করে ইউ/পি সদস্য ও ইউ/পি চেয়ারম্যানকে অন্তর্ভুক্ত করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। তিনি সভায় আরও জানান ২০১৫ সালের ন্যায় এবছরেও পাহাড়ী ঢলে কালনার হাওরের ভেতর পানি প্রবেশ করেছিল। কিন্তু ঐ বছর বিএডিসি সেচ এর পাম্প বসিয়ে হাওরের ভেতর থেকে পানি সেচে বের করা হয়েছিল। যার ফলে কৃষকগণ সহজে ধান কাটতে পেরেছিলেন। তাই তিনি প্রতি বছর কালনার হাওরে কমপক্ষে বিএডিসি এর পক্ষ থেকে ০৫(পাঁচ)টি সেচ মেশিন প্রস্তুত রাখার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে দ্রুত ধান কর্তন করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় ও কালনার হাওরে ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা দ্রুত প্রস্তুত করার জন্য চেয়ারম্যান রঙ্গাঁরচর ও সুরমা ইউপিকে অনুরোধ জানানো হয় এবং বিএডিসি সেচকে বোরো ধান কাটার মৌসুমে প্রতি বছর ০৫(পাঁচ)টি সেচ মেশিন কালনার হাওরে প্রস্তুত রাখার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ<br>২। উপসহকারী প্রকৌশলী বিএডিসি সেচ সুনামগঞ্জ সদর<br>৩। চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৫. | জনাব নিগার সুলতানা, মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি সভায় জানান যে, উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের খসড়া বাজেট প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের খসড়া বাজেট প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ৬. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সভায় জানান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড পুরস্কার প্রদানের জন্য ৯টি আবেদন পাওয়া গেছে। সভায় ঠিকানাসহ তাদের নামের তালিকা পাঠ করে শুনানো হয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ বরাবর প্রেরণ করা হয়েছে। | আলোচনান্তে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড পুরস্কার প্রদানের জন্য সঠিকভাবে যাচাই করে পুরস্কার প্রদানের অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলার মোল্লাপাড়া ইউনিয়নে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য ০.৫০ একর জমি পাওয়া গেছে কিন্তু | আলোচনান্তে মোহনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য দ্রুত স্থান নির্বাচন পূর্বক দলিল | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও |

| | | | |
|---|---|---|---|
| | মোহনপুর ইউনিয়নে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য ০.৫০ একর জমি এখনও পাওয়া যায়নি। তাই তিনি দ্রুত স্থান নির্বাচন করার জন্য সভাকে অনুরোধ জানান। | সম্পাদন করে দাখিল করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান মোহনপুর ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ৮. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ঈদ উল আযহা উপলক্ষ্যে ১০,২০০ জন গরীব লোককে ১০ কেজি করে ভিজিএফ চাল দেয়া হবে। তাই দ্রুত তালিকা দাখিল করার জন্য তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও জানান টিআর প্রকল্পের ২য় পর্যায়ের তালিকা এখনও পাওয়া যায়নি। তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগণকে দ্রুত প্রকল্প দাখিল করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ১০ কেজি করে ভিজিএফ চাল এর তালিকা এবং টিআর/কাবিটা কাজের ২য় কিস্তির প্রকল্প তালিকা দ্রুত দাখিল করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর সভায় উপজেলা পরিষদ মিলনায়ন ও অফিসের জন্য নতুন আসবাবপত্র ক্রয় বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার একটি প্রাক্কলন দাখিল করেন এবং ছায়াবিথী আবাসিক ৩/৩ এর উপরের তলার পশ্চিম পাশের বাসা মেরামত বাবদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন দাখিল করেন। | আলোচনান্তে প্রাক্কলন দুটি অনুমোদিত হয় এবং উক্ত বিল দুটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আগামী ২৩ এপ্রিল ২০২২ থেকে ০৮ মে ২০২২ পর্যন্ত সকল মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। এছাড়া মাধ্যমিক বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘ দিন বন্ধ থাকার কারণে খোলার পূর্বে ভালোভাবে ক্লাস রুম পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |
| ১১. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আগামী ২৩ এপ্রিল ২০২২ থেকে ১১ মে ২০২২ পর্যন্ত মাহে রমজানের জন্য সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। এছাড়া প্রাথমিক বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘ দিন বন্ধ থাকার কারণে খোলার পূর্বে ভালোভাবে ক্লাস রুম পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ১২. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান খাদ্যবান্ধব কর্মসূচী এবং বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>চেয়ারম্যান, রঙ্গারচর ইউ/পি সভায় জানান খাদ্য বান্ধব কর্মসূচীতে কিছু নাম পরিবর্তন করা প্রয়োজন। যারা স্বচ্ছল এবং কিছু লোক বিদেশ চলে গেছে তাদের নাম পরিবর্তন করার জন্য তিনি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাধ্যমে যাচাই বাছাই করে তালিকা সংশোধনের জন্য সভাকে অনুরোধ জানান। তাছাড়া তিনি সভায় আরও জানান খাদ্য বান্ধব তালিকায় ডিলারদের নিজস্ব কিছু লোকের নাম রয়েছে।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান ডিলারগণ | আলোচনান্তে যদি কোন লোক একসঙ্গে অনেকগুলো ভিজিডি কার্ড নিয়ে আসে তাহলে তাকে শুধুমাত্র তার নির্দিষ্ট কার্ড মোতাবেক চাল দেয়ার জন্য এবং অন্যান্য কার্ড এর চাল কার্ডধারী ছাড়া যাতে কেউ নিতে না পারে সেদিকে ডিলারদের খেয়াল রাখার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | খাদ্যবান্ধব কর্মসূচীর তালিকার সাথে সম্পৃক্ত নন। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যদি কোন লোক একসঙ্গে অনেকগুলো ভিজিডি কার্ড নিয়ে আসে তাহলে তাকে শুধুমাত্র তার নির্দিষ্ট কার্ড মোতাবেক চাল দেয়ার জন্য এবং অন্যান্য কার্ড এর চাল কার্ডধারী ছাড়া যাতে কেউ নিতে না পারে সেদিকে ডিলারদের খেয়াল রাখতে হবে। | | |
| ১৩. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক জনশুমারী ও গৃহগণনা ২০২২ কার্যক্রম আগামী ১৫ জুন থেকে ২২ জুন ২০২২ পর্যন্ত চলবে। উক্ত তথ্যসংগ্রহকালীন সময়ে তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজাদেরকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। উক্ত জনশুমারী কার্যক্রম থেকে কোন লোক যাতে গণনা হতে বাদ না পড়ে অথবা একই ব্যক্তি যাতে ২(দুই) বার গণনায় অন্তর্ভুক্ত না হয় সেজন্য মনিটরিং এর ব্যবস্থা জোরদারসহ সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। নিজ নিজ ইউনিয়নে প্রচার প্রচারণা চালিয়ে সকল জগণকে জনশুমারী ও গৃহগণনার বিষয়ে অবগত করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | আলোচনান্তে জনশুমারী ও গৃহগণনা ২০২২ কার্যক্রম এ তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজাদেরকে সার্বিক সহযোগিতা প্রদান, কোন লোক যাতে গণনা হতে বাদ না পড়ে অথবা একই ব্যক্তি যাতে ২(দুই) বার গণনায় অন্তর্ভুক্ত না হয় সেজন্য মনিটরিং এর ব্যবস্থা জোরদার রাখা এবং নিজ নিজ ইউনিয়নে প্রচার প্রচারণা চালিয়ে সকল জগণকে জনশুমারী ও গৃহগণনার বিষয়ে অবগত করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১৪. | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান ভোটার তালিকা হালনাগাদের জন্য তথ্য সংগ্রহকারী কর্তৃক বাড়ি বাড়ি গমন করে যাদের জন্ম তারিখ ০১.০১.২০০৭ বা তার পূর্বে কিন্তু পূর্বে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়নি এবং ভোটার তালিকায় নাম বিদ্যমান কিন্তু বাস্তবে মৃত তাদের তথ্য আগামী ২০ মে ২০২২ থেকে ০৯ জুন ২০২২ পর্যন্ত সংগ্রহ করা হবে। উক্ত তথ্যসংগ্রহকালীন সময়ে তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজাদেরকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম বাস্তবায়নে তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজাদেরকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি সুনামগঞ্জ সদর। |
| ১৫. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর, উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত পাজারো জীপগাড়ি নং সুনামগঞ্জ ঘ-১১-০০২২ বার বার মেরামত করার পরও গাড়িটির সমস্যা সমাধান হচ্ছেনা। তাছাড়া জীপগাড়িটির বিভিন্ন যন্ত্রাংশ পুরাতন হওয়ায় প্রতিনিয়ত সমস্যা হচ্ছে এবং যে কোন সময় চলন্ত অবস্থায় গাড়িটি রাস্তার মধ্যে বন্ধ হয়ে যায় এতে করে রাস্তায় দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। উক্ত গাড়িটি পরীক্ষা নিরীক্ষা করার জন্য জনাব মোঃ রমজান আলী, জীপগাড়ি চালক, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর এর নিকট থেকে আবেদন পাওয়ায় আবেদনটি সভায় উপস্থাপন করা হলো। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সুনামগঞ্জ সদর, উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত পাজারো জীপগাড়ি নং সুনামগঞ্জ ঘ-১১-০০২২ সরেজমিন তদন্তক্রমে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য সহকারী পরিচালক, বিআরটিএ, সুনামগঞ্জ সার্কেল, সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে ২৫.০৩.২০২২ তারিখের ডলুরা শহীদ সমাধিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, মিলাদ মাহফিল ও যাতায়াত বাবদ মং- ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের বিল এবং মার্চ/২০২২ মাসে আপ্যায়ন বাবদ ২৯,৬০০/-(উনত্রিশ হাজার ছয়শত) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৭,৭০০/-(সাত হাজার সাতশত) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৮০০/-(চার হাজার আটশত) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকা ব্যয়ের বিল পাওয়ার আবেদন করেন। তিনি আরও জানান উপজেলা পরিষদের আগাছা পরিষ্কার বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয়ের বিল এবং ভাইস চেয়ারম্যান ২০,০০০/-(বিশ হাজার) টাকা ও মহিলা ভাইস চেয়ারম্যান ২০,৫০০/-(বিশ হাজার পাঁচশত) টাকা জানুয়ারি/২০২২ থেকে মার্চ/২০২২ মাসের টিএ বিল পাওয়ার আবেদন করেন। তাছাড়া উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ ২০২১-২০২২ অর্থ বছর হতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয় করার জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা- ০১ শাখা থেকে ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০.৫১২ নং স্মারক তারিখ ১০ আগস্ট ২০২১ মূলে পত্র পাওয়া যায়। সুনামগঞ্জ সদর উপজেলার জীপগাড়ির জ্বালানী খরচ জুলাই/২০২১ মং- ১৯৮১/- টাকা, আগস্ট/২০২১ মং- ৫২৫২/- টাকা, সেপ্টেম্বর/২০২১ মং ১৮৯৭৫/- টাকা, অক্টোবর/২০২১ মং-১২৯৪৯/- টাকা, নভেম্বর/২০২১ মং-১১১৭২/- টাকা, ডিসেম্বর/২০২১ মং ১১০০৮/- টাকা, জানুয়ারি/২০২২ মং-৭৯৫৯/- টাকা, ফেব্রুয়ারি/২০২২ মং-৯৯৪৭ টাকা এবং মার্চ/২০২২ মং-১২৪৩৫/- টাকার বিল পাওয়ার আবেদন পাওয়া যায়। | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া ভাইস চেয়ারম্যনগণের টিএ বিল এবং উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিগার সুলতানা)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১১০৫/১(৫০)

তারিখ : ২৮ এপ্রিল ২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

৯। উপজেলা ............................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

১২। অফিস কপি/মাস্টার ফাইল।

২৪-৫-২২

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি:
মাসের নাম: এপ্রিল/২০২২

সভার তারিখ: ২৭/০৪/২০২২ সময়: ১১:০০ ঘটিকা

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব নিগার সুলতানা | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। | নি.সুলতানা |
| ০২. | " নাদের বখত | মেয়র, সুনামগঞ্জ পৌরসভা। | |
| ০৩ | " মো: আবুল হোসেন | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। | [signature] |
| ০৪. | " মো: আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান, লক্ষণশ্রী, ইউপি। | |
| ০৫ | " মো: আবুল বরকত | চেয়ারম্যান কুরবাননগর, ইউপি। | |
| ০৬ | " মো: নুরুল হক | চেয়ারম্যান মোল্লাপাড়া, ইউপি। | [signature] 27/4/22 |
| ০৭. | " মো: সামছুল ইসলাম | চেয়ারম্যান, কাঠইর, ইউপি। | |
| ০৮. | " মো: আব্দুল হাই। | চেয়ারম্যান, রঙ্গারচর ইউপি। | [signature] |
| ০৯ | " মো: আমির হোসেন রেজা | চেয়ারম্যান, সুরমা, ইউপি। | [signature] |
| ১০ | " রশিদ আহাম্মেদ | চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর, ইউপি। | [signature] |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | জনাব মো: শওকত আলী | চেয়ারম্যান<br>গৌরারং, ইউপি. | SmmAl |
| ১২. | " মো: মর্দন-উল-হক | চেয়ারম্যান<br>মোহনপুর, ইউপি. | |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি:

মাসের নাম: এপ্রিল/ ২০২২.

সভার তারিখ: ২১/০৪/২০২২

সময়: ১১.০০ ঘটিকা

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব, ইমরান শাহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর. | |
| ০২. | ডা: মো: শরীফুল আবেদীন কমল | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর | (স্বাক্ষর) 21.4.2022 |
| ০৩ | " মো: সালাহ উদ্দিন টিপু | উপজেলা কৃষি অফিসার সুনামগঞ্জ সদর। | (স্বাক্ষর) |
| ০৪. | " ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল কুঁইয়া | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | (স্বাক্ষর) |
| ০৫. | " সাইদুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অঃদাঃ) সুনামগঞ্জ সদর। | |
| ০৬. | " আনোয়ার হোসেন | উপজেলা প্রকৌশলী. সুনামগঞ্জ সদর। | (স্বাক্ষর) 21.4.22 |
| ০৭. | " ইখতিয়ার উদ্দিন চৌধুরী | অফিসার ইন চার্জ সুনামগঞ্জ সদর মডেল থানা. | পক্ষে (স্বাক্ষর) |
| ০৮. | " অশোক রঞ্জন পুরকায়স্থ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সুনামগঞ্জ সদর। | (স্বাক্ষর) |
| ০৯. | " এনামুর রহিম বাবর | উপজেলা শিক্ষা কর্মকর্তা | (স্বাক্ষর) 21/4/22 |
| ১০. | " বেনু গোপাল দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সুনামগঞ্জ সদর। | (স্বাক্ষর) |
| ১১. | " বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী | উপজেলা প. প. কর্মকর্তা. সুনামগঞ্জ সদর। | (স্বাক্ষর) |
| ১২. | " মো: শাহিনুর আলম | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৩. | " মো: আইনুল ইসলাম ভূঁইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | (স্বাক্ষর) |
| ১৪. | " বিজিত রঞ্জন কর | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | (স্বাক্ষর) |
| ১৫. | " মানিক মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর | (স্বাক্ষর) |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১১ ১৬ | জনাব মো: শিবলী নোমান মুনিম | পরিসংখ্যান কর্মকর্তা সুনামগঞ্জ সদর | [signature] 21-0 |
| ১৭ | " ড. কে. এম [illegible] | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সুনামগঞ্জ | |
| ১২ ১৮ | " চয়নব্রত চৌধুরী | উপজেলা রেঞ্জ কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ১৯ | " উত্তম কুমার রায় | উপজেলা নির্বাচন অফিসার সুনামগঞ্জ সদর। | [signature] 21/04 |
| ২০ | " আব্দুল ওয়াহাব | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ২১ | " অসীম বরন তালুকদার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২২ | " আব্দুল্লাহ আল মামুন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সুনামগঞ্জ সদর। | [signature] |
| ২৩ | " মো: সেলিম আহমদ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সুনামগঞ্জ সদর। | [signature] 21.04.22 |
| ২৪ | " সৈয়দ আহমদ শাহলান | ইন্সট্রাক্টর, ইউআরসি সুনামগঞ্জ সদর। | [signature] 21/4/22 |
| ২৫ | " শেখ আব্দুর রব | ইউডিএফ, ইউজিডিপি সুনামগঞ্জ সদর। | [signature] 21.04.22 |
| ২৬ | মোহাম্মদ খোরশেদ আলম | পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, | [signature] 21/4 |